

প্রতিযোগিতা

দক্ষিণ এশিয়ায় জেভারভিত্তিক সহিংসতা বন্ধ করতে হলে কি করতে হবে?

যখন নারীরা রাস্তাঘাটে বা তাদের গৃহে নিরাপদ বোধ করে না তখন আর্থিক সম্ভাবনাসহ তাদের সকল সম্ভাবনা সীমিত হয়ে যায়। এর ফলে দেশের উন্নয়ন ও প্রবৃদ্ধির সম্ভাবনাও ব্যহত হয়। ডিসেম্বরে নয়াদিল্লিতে একজন তরুণীর উপর পাশবিক গণধর্ষণ এবং হত্যার ঘটনাসহ অন্যান্য সাম্প্রতিক ঘটনাপ্রবাহের কারণে নারীদের উপর ঘরে-বাইরে সর্বত্র যৌন আক্রমণ ও অন্যান্য জেভারভিত্তিক সহিংসতার বিষয়ে নতুন করে সচেতনতা সৃষ্টি হয়েছে।

দক্ষিণ এশিয়ার বিশেষজ্ঞগণ এপ্রিলে অনুষ্ঠিত বিশ্বব্যাংকের বসন্ত সভায় এই বিষয়গুলো নিয়ে আলোচনা করবেন। এই আলোচনায় উত্থাপনের জন্য, বিশ্বব্যাংক দক্ষিণ এশিয়ার ১৮ থেকে ২৫ বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য একটি প্রতিযোগিতার আয়োজন করেছে। “বাংলাদেশে জেভারভিত্তিক সহিংসতা বন্ধ করতে হলে কি করতে হবে” এই প্রশ্নের উত্তরে আমরা আপনার সেরা মতামত জানতে চাই।

আপনি আপনার উত্তর এসএমএস, ই-মেইল, বা ডাকযোগে বাংলা বা ইংরেজিতে যেকোন ভাষায় পাঠাতে পারবেন। শব্দের মাঝখানে স্পেসসহ এসএমএসের মতামতের সর্বোচ্চ দৈর্ঘ্য ১৪০ অক্ষরের মধ্যে হতে হবে।

● এসএমএস বা স্কুদেবার্তার মাধ্যমে উত্তর পাঠানোর নম্বর: +88 01823070253 পাঠাতে পারবেন।

- ইমেইল করতে পারেন nogenderviolence@worldbank.org এই ঠিকানায়
- অথবা ডাকযোগে পাঠাতে পারেন নিম্নলিখিত ঠিকানায়:
পাবলিক ইনফর্মেশন সেন্টার
বিশ্বব্যাংক অফিস, ঢাকা
প্লট ই ৩২
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা - ১২০৭
বাংলাদেশ।

আপনার উত্তরের সাথে আপনার পুরো নাম, ফোন নাম্বার এবং ইমেইল ঠিকানা থাকলে তা উল্লেখ করুন।

আপনার কোন প্রশ্ন থাকলে আমাদের সাথে যোগাযোগ করুন:

<http://www.facebook.com/worldbankbangladesh>

উত্তর পাঠানোর শেষ সময় ১৫ মার্চ, শুক্রবার, দুপুর ১২টা। উত্তরসমূহ বিশ্বব্যাংকের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত একটি প্যানেল বিচার করবে এবং এপ্রিলে অনুষ্ঠিত বসন্ত সভার পূর্বে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

পুরস্কার: সর্বোচ্চ ১০ জন বিজয়ী একটি করে কমপ্যাক্ট ডিডিও ক্যামকর্ডার পাবেন। এ ছাড়াও বিজয়ীদের মতামতসমূহ ওয়াশিংটন ডি.সি.-তে অনুষ্ঠিত বিশ্বব্যাংকের বসন্ত সভায় এবং বিশ্বব্যাংকের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগের মাধ্যমসমূহে প্রদর্শন করা হতে পারে।

বিস্তারিত তথ্য: নিম্নলিখিত দেশসমূহে বসবাসকারী ১৮ থেকে ২৫ বছর বয়সীদের জন্য ১৫ মার্চ, ২০১৩ পর্যন্ত এই প্রতিযোগিতা উন্মুক্ত থাকবে: আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান অথবা শ্রীলংকা। বিশ্বব্যাংকে চাকুরীরত ব্যক্তি ও পরামর্শদাতাগণ এবং তাদের পরিবারের সদস্যরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না। মতামতসমূহ বিশ্বব্যাংকের নিজস্ব বলে বিবেচিত হবে এবং সেগুলো যে কোনো ধরণে, নাম-পরিচয় সহ বা ব্যতীত পুনর্ব্যবহার বা প্রকাশ করা যাবে। যথাযথ মানসম্পন্ন মতামত না পাওয়া গেলে, ১০ জনের কম বা কোনো পুরস্কার না দেওয়ার অধিকার বিশ্বব্যাংক সংরক্ষণ করে।